

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গত ২৭-০৭-২০১৭ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় যুগ্ম সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে পাসম ও এর অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্য এবং আইসিটি কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন ও আইসিটি সমন্বয় সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্তিতে দেখানো হলো।

উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে ইনোভেশন টিমের কার্যপরিধি সম্পর্কে অবহিত করেন। সভায় আইসিটি নীতিমালা-২০১৫ এ বাস্তবায়ন অগ্রগতি, ইনোভেশন কার্যক্রম, আইসিটি জনবল, অনলাইন রিক্যুটমেন্ট সিস্টেম, সেবা সহজীকরণ ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন না হওয়ায় ইনোভেশন ও আইসিটি সম্পর্কিত কার্যক্রমে মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আরও সচেতন হওয়ার আহ্বান জানানো হয়।

২। সভায় পাসম এর প্রোগ্রামার আইসিটি নীতিমালা-২০১৫ ছাড়াও ই-সার্ভিস, ইউনিকোড ব্যবহার ইত্যাদি বিষয়ে এবং পাসম এর সিস্টেম এনালিস্ট পাসম এর অধীনস্থ সংস্থাসমূহে ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোজনের বিষয়ে উপস্থাপন করেন।

৩। সিদ্ধান্তসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/ বাস্তবায়ন অগ্রগতি
০১	পাসম ও বাপাউবো এ ভিডিও কনফারেন্স সিস্টেম চালু রয়েছে। পাসম এর অধীনস্থ অন্যান্য সংস্থাসমূহ নিজস্ব অর্থায়নে দ্রুত ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোজনের ব্যবস্থা গ্রহণ করবে।	বাহাজউঅ, ওয়ারপো, নগই, জেআরসি।
০২	আগামী সভায় আইসিটি নীতিমালা ২০১৫ এর উপর বিস্তারিত আলোচনা করা হবে। প্রতিবেদনে বাস্তবায়ন অগ্রগতি সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নে সমস্যা পরিলক্ষিত হলে তা মন্তব্য কলামে লিখতে হবে।	নিয়মিত প্রেরণ করা হয়।
০৩	জেলা পর্যায়ে অফিসগুলো নিয়মিত জেলা তথ্য বাতায়ন হালনাগাদ করবে। কর্মকর্তাগণের নাম, প্রকল্পসমূহ ইত্যাদি তথ্য নিয়মিত হালনাগাদ করবে। এছাড়াও বাপাউবো জেলা পর্যায়ে প্রতিটি পওর বিভাগে ফেইজবুক পেইজ চালু করবে।	বাপাউবো।
০৪	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রতিটি জোনে ইনোভেশন টিম ও সকল কর্মকর্তাগণের সমন্বয়ে ১টি করে সেমিনার / কর্মশালার আয়োজন করবে (বাজেটে বরাদ্দ পাওয়া সাপেক্ষে)। নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে।	বাহাজউঅ, নগই, জেআরসি।
০৫	দাপ্তরিক কাজ সহজীকরণ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের ইনোভেটিভ আইডিয়া প্রতি মাসে প্রেরণ করতে হবে এবং ইনোভেশন ফান্ডের জন্য এটুআই প্রকল্পের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে।	এ ব্যাপারে আরও সচেতন থাকার জন্য সভায় আহ্বান জানানো হয়।

০৬	দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রতি সংস্থা হতে ০১ জন কর্মকর্তা ও ০২ জন ডিইও কে নিয়ে মন্ত্রণালয় ইউনিকোডের উপর ০১ দিনের প্রশিক্ষণের আয়োজন করবে। পরিচালক, প্রশিক্ষণ ইতোমধ্যে কয়েকটি সভায় উপস্থিত থেকে প্রশিক্ষণটি দ্রুত সমাপ্ত করবে বলে জানিয়েছিলেন। এখনও পর্যন্ত প্রশিক্ষণটি আয়োজন করা হয়নি। এ ব্যাপারে মহাপরিচালক, বাপাউবো কে দৃষ্টি আকর্ষণ করা হলো।	মহাপরিচালক ও প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো।
০৭	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে আইসিটি তে কর্মরত কর্মকর্তাগণের job description আগামী সভার পূর্বে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	বাপাউবো।
০৮	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড জোন ভিত্তিক ০১টি করে ইনোভেশন টিম গঠন করবে। যার ফলে মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম আরও জোরদার হবে।	বাপাউবো।
০৯	বাপাউবো এর Online Attendance System এ মন্ত্রণালয়ের জন্য একটি ইউজার মডিউল (রিপোর্ট নেওয়ার জন্য) রাখার ব্যবস্থা গ্রহণ করবে। অন্যান্য সংস্থা Online Attendance System প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সকল সংস্থা।
১০	গত নভেম্বর ২০১৬ তে অনুষ্ঠিত ২ ব্যাপি নাগরিক সেবায় উদ্ভাবন কর্মশালায় উপসচিব (বাজেট) ও তাঁর টিমের সদস্যরা যে আইডিয়াটি উপস্থাপন করেছিল সেটি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব (বাজেট) সভায় অনুরোধ জানান।	পরবর্তী সভায় আইডিয়াটি উপস্থাপন করতে হবে। আইসিটি শাখা, পাসম।
১১	নাগরিক সেবার তালিকা থেকে একটি করে সেবা সহজীকরণ করতে হবে এবং একটি করে অনলাইন সেবা চালু করতে হবে।	সকল সংস্থা।
১২	বাপাউবো এর প্রকল্পের KPI মনিটরিং এর নিমিত্তে MIS সফটওয়্যার উন্নয়নের বিষয়ে পাসম এর বাজেট উইং কে বাপাউবো এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	পাসম, বাপাউবো
১৩	সারাদেশে মাঠ পর্যায়ের অফিসসমূহ Broadband Network এর আওতায় আনায়নের জন্য মাঠ পর্যায়ের সকল অফিসের ঠিকানা, অক্ষাংশ ও দ্রাঘিমাংশ ইত্যাদি বিটিআরসির চাহিত ছকে ১ সপ্তাহের মধ্যে প্রেরণ করবে।	বাপাউবো।
১৪	ইনোভেশন টিমের সিদ্ধান্তগুলো দ্রুত যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ) এর নেতৃত্বে ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে সভা করে পরবর্তী ইনোভেশন টিমের সভার পূর্বে একটি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।	অতিরিক্ত মহাপরিচালক (প্রঃ), বাপাউবো।

৪। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০২/০৮/২০১৭
(মোঃ খলিলুর রহমান)
যুগ্মসচিব ও
চীফ ইনোভেশন অফিসার